



খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।


চালকসহ গাড়ী ভাড়ার পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

দরপত্র বিজ্ঞপ্তি নং-.....

এতদ্বারা খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তাদের ব্যবহারের নিমিত্ত নিম্নে উল্লিখিত গাড়ী সরবরাহ/ভাড়ার দরপত্রের জন্য গাড়ী ভাড়া প্রদানকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ আগামী ১৫/০২/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত সচিব, কেডিএ, খুলনা তাঁর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ টায় দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্রদাতাগণ কর্তৃক নিম্নে উল্লিখিত সিকিউরিটি (আর্নেস্টমানি) যে কোন ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে কেডিএ'র চেয়ারম্যানের অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

ক্রঃ নং	কাজের বিষয়	সিকিউরিটি মানি (গাড়ী প্রতি)	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)
০১।	টয়োটা এলিয়ন কার(এসিসহ)- চালকসহ ৫ আসন, ৪ দরজা ১৫০০ সিসি ২০১০ মডেলের নিচে নয়-০১ (এক)টি।	৫০,০০০.০০	ট্যাঃ ১০০০.০০
০২।	টয়োটা ভেজেল জীপ গাড়ি(এসিসহ), চালকসহ ৫ আসন, ৪ দরজা ১৫০০ সিসি ২০১০ মডেলের নিচে নয়-০১ (এক)টি।	ঐ	ঐ
০৩।	টয়োটা নোয়া (এসিসহ) মাইক্রোবাস, চালকসহ ৮ আসন বিশিষ্ট ৫ দরজা ২০০০ সিসি ২০১০ মডেলের নিচে নয়-০২ (দুই)টি।	ঐ	ঐ
০৪।	টয়োটা হাইএক্স (এসিসহ) মাইক্রোবাস, চালকসহ ৮ আসন, ৫ দরজা ২০০০ সিসি ২০১০ মডেলের নিচে নয়-০১ (এক) টি।	ঐ	ঐ

- কাজের সময়সীমা : কার্যাদেশ প্রদানের পর ১ (এক) বছরের জন্য।
- দরপত্র বিক্রয় ও গ্রহণকারী কর্মকর্তার পদবী : সচিব, কেডিএ, খুলনা।
- দরপত্র বিক্রয়ের শেষ তারিখ : ১৪/০২/২০২৩ খ্রিঃ (অফিস চলাকালীন সময়ে)।
- দরপত্র গ্রহণের শেষ তারিখ : ১৫/০২/২০২৩ খ্রিঃ (১২.০০ ঘটিকা পর্যন্ত)।
- দরপত্র খোলার তারিখ ও স্থান : ১৫/০২/২০২৩ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তর।
- কাজের বিস্তারিত বিবরণ : সিডিউলে উল্লিখিত।
- বিশেষ শর্তাবলী :
- ১) দরপত্রদাতাগণ রেজিস্টার্ড পোস্ট/কুরিয়ার সার্ভিসের মাধ্যমেও তাদের দরপত্র পাঠাতে পারবেন। তবে তাদের দরপত্র অবশ্যই নির্ধারিত তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সচিব, কেডিএ, খুলনার নিকট পৌছাতে হবে। অন্যথায় তাদের দরপত্র বিবেচনা করা হবে না।
 - ২) উদ্ধৃত মূল্য ছাড়াও দরপত্রদাতাকে সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর প্রদান করতে হবে।
 - ৩) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করা এবং প্রয়োজন বোধে দরপত্রের যে কোন আইটেম পরিবর্তন, পরিবর্ধন বা বাতিল করার ক্ষমতা খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
 - ৪) দরপত্রে গাড়ীর যাবতীয় খরচ যথা : (তেল/গ্যাস/চালকের খাবার ইত্যাদিসহ) সর্বমোট দর উপস্থাপন করতে হবে।
 - ৫) গাড়ীর যাবতীয় কাগজপত্র হালনাগাদ হতে হবে এবং দরপত্রের সাথে ব্যক্তির ক্ষেত্রে টিন সার্টিফিকেট, ব্যাংক সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড
 - ৬) গাড়ী ভাড়ার জন্য দর হিসাবে প্রতিটির ক্ষেত্রে পৃথক পৃথক ভাবে মাসিক ভাড়ার হার, জ্বালানী ও সকল প্রকার খরচসহ সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
 - ৭) কর্তৃপক্ষের কাজে ভাড়কৃত গাড়ীটি সপ্তাহে ০৭ (সাত) দিন সকাল ৮.০০ টা হতে রাত ১০.০০ টা পর্যন্ত (ছুটির দিন নির্দেশনা মতো) ব্যবহার করা যাবে। ২য় পক্ষ কর্তৃক অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের গাড়ীটি ভাড়া/লীজ দেয়া যাবে না।


সচিব
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।
ফোন-০২৪৭৭৭২২৩৮৬